গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম ।

দেশে প্রচলিত শুল্ক সমুদ্র আইন, ১৮৭৮ এবং স্থল শুল্ক আইন, ১৯২৪ (বাতিল), একত্রীকরণ ও সংশোধন করে ১৯৬৯ সনের ০৮ই মার্চ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ প্রণীত হয় যা প্রজ্ঞাপন এসআরও নং-২৬৭(১)৬৯, তারিখ-৩১.১২.১৯৬৯ এর আদেশবলে ১৯৭০ সনের ১লা জানুয়ারী হতে বলবৎ করা হয় । তৎসময় হতে বিভিন্ন কাস্টম হাউস/ (কাস্টমস ও এক্সাইজ কালেক্টর পরবর্তীতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট) হতে শতভাগ রপ্তানিমুখী, হোম কনজাম্পশন ও ডিপ্লোমেটিক বন্ড প্রতিষ্ঠান কর্তৃক শুল্কমুক্তভাবে পণ্য আমদানির জন্য প্রতিষ্ঠানসমুহের আবেদনের প্রেক্ষিতে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান ও বন্ডের আওতায় আমদানি রপ্তানি কার্যক্রমে সার্বিক সেবা প্রদানসহ প্রযোজ্যক্ষেত্রে শুল্ক-কর আদায় করা হচ্ছে । সরকার বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠানসমূহকে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে নভেম্বর/২০০০ সালে পৃথক কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা গঠন করে । পরবর্তীতে ঢাকাকে প্রধান অফিস করে ২৫.০৩.২০০১ তারিখে কাস্টমস বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের কার্যক্রম শুরু হয় । দেশের বৃহত্তম শিল্প নগরী চট্টগ্রাম-এর ব্যবসায়ী সম্প্রদায়ের দীর্ঘদিনের প্রয়োজনের তাগিদে ০২.১১.২০১১ তারিখে বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম-কে আপগ্রেড করে পূর্ণাঙ্গ কমিশনারেটে রূপান্তর করতঃ একজন কমিশনারের নেতৃত্বে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম-এর কার্যাবলী পরিচালিত হচ্ছে ।

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর অধিক্ষেত্র

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং- ০৮.০৩৩.০২১.০১.০০.০৩৫.২০০৯(অংশ-১) ৫৪০, তারিখঃ ২৫/০৮/২০১১খ্রিস্টাব্দ এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর (মূসক) অনুবিভাগের সংস্কার, পুর্নগঠন ও সম্প্রসারণের আদেশ জারী হয় । তদানুসারে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম গঠিত হয় । জাতীয় রাজস্ব বোর্ড এর আদেশে চট্টগ্রাম প্রশাসনিক বিভাগ এলাকায় অবস্থিত বন্ডেড ওয়্যার হাউস সমূহ ও ইপিজেডসমূহ এ বন্ড কমিশনারেটের অধিক্ষেত্র ।

(ক) ***বন্ডেড ওয়্যারহাউস সমূহঃ-***

- গার্মেন্টস বন্ড
- এক্সেসরীজ বন্ড
- ডিপ্লোমেটিক বন্ড
- হোম কনজাম্পশন বন্ড

(খ) ***ইপিজেডস্থ বন্ডেড ওয়্যারহাউস সমূহঃ-***

- চট্টগ্রাম ইপিজেড
- কোরিয়ান ইপিজেড
- কর্ণফুলী ইপিজেড
- কুমিল্লা ইপিজেড

সংযুক্তি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস বন্ড কমিশনারেট

৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম ।

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামের সেবা প্রদানের পরিধি ও পদ্ধতি

সেবা প্রদানের পরিধি	করণীয়	সেবা প্রদানের প্রাথমিক কার্যক্রম	গ্রাহক বা ভোক্তার বিবরণ	প্রার্থিত সেবা প্রদানের সর্ব্বোর্চ সময়
নতুন বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান	বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এ প্রদত্ত বিধান অনুযায়ী আবেদনকরণ ।	শিল্প প্রতিষ্ঠান হতে বিধিমালা অনুযায়ী আবেদন পাওয়া গেলে বিধিমালায় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সরেজমিন পরিদর্শন ও দাখিলকৃত দলিলদাদির সঠিকতা পরীক্ষা নিরীক্ষা করা ।	শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস প্রতিষ্ঠান,শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠান, ডিপ্লোমেটিক বন্ড ও হোম কনজাম্পশন বন্ড পরিচালনায় আগ্রহী প্রতিষ্ঠান ।	২৫-৩০ দিন
বিদ্যমান প্রচ্ছন্ন রপ্তানিমুখী বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন	বন্ড লাইসেন্সের মেয়াদ শেষান্তে পরবর্তী মেয়াদে নবায়নের লক্ষ্যে নবায়ন ফি ও আমদানি রপ্তানি সংক্রান্ত প্রাসঙ্গিক কাগজপত্রসহ আবেদন করা ।	প্রতিষ্ঠানের নবায়ন সম্পাদনে নিযুক্ত কর্মকর্তা বন্ডার কর্তৃক দাখিলকৃত আমদানি রপ্তানি কার্যক্রমের বিবরণ, নিরীক্ষা মেয়াদের পিআরসি (Proceed Realization Certificate) ইউপি, ইউডি, বিবিএলসি, পিআই, মূসক চালান ইত্যাদি সরেজমিন ও লিয়েন ব্যাংকে গমন করে যাচাই করেন । সঠিক প্রাপ্তি সাপেক্ষে মেশিনারীজের উৎপাদন ক্ষমতা, কাঁচামাল ও উৎপাদিত পণ্যের মজুদ ইত্যাদি পরীক্ষাপূর্বক পরবর্তী মেয়াদের নবায়ন ও প্রাপ্যতা নির্ধারণ করা হয় ।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০৭ দিন
বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী গার্মেন্টস প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট	গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পূর্ববর্তী বছরের আমদানি রপ্তানি সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন করা ।	আবেদন প্রাপ্তির পর আমদানি রপ্তানি সংক্রান্ত পাশ বইসহ অন্যান্য কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা ও বৈদেশিক মুদ্রা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হয়ে অডিট অনুমোদন করা ।	বন্ড লাইসেন্সধারী পোশাক শিল্প প্রতিষ্ঠান	১০-১৫ দিন
মালিকানা পরিবর্তন	কোন শিল্প প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন হলে প্রাসঙ্গিক কাগজপত্রসহ নতুন মালিকানার জন্য আবেদন করা ।	মালিকানা পরিবর্তনের বিষয়ে কোম্পানীর বোর্ড মিটিংয়ের সিদ্ধান্ত, বিনোয়োগ বোর্ড ও জয়েন্ট স্টক কোম্পানী কর্তৃক পরিবর্তিত মালিকানা কাঠামো অনুমোদন ইত্যাদি আছে কিনা তা সরেজমিনে যাচাই ও পরীক্ষা করা ।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	৩-৪ দিন
লিয়েন ব্যাংক সংযোজন/ পরিবর্তন	বন্ড লাইসেন্সধারী কোন শিল্প প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক সংযোজনের প্রয়োজন হলে সংযোজিতব্য লিয়েন ব্যাংকের	বিদ্যমান লিয়েন অথবা শাখা ব্যাংকের অনাপত্তি পত্র ও নতুন সংযোজিতব্য লিয়েন ব্যাংক যদি	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	২-৩ দিন

	সিআইবি এর উদ্ধৃতিসহ আবেদন করা।	এ মর্মে প্রত্যয়নপত্র প্রদান করে যে, সংশ্লিষ্ট বন্ডারের Credit Information বাংলাদেশ ব্যাংকের CIB ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করেছেন এবং উক্ত তথানুযায়ী বন্ডারকে লিয়েন ব্যাংকের সেবা প্রদানের ক্ষেত্রে তাদের কোন আপত্তি নেই সেক্ষেত্রে ১-২ ঘন্টার মধ্যে লিয়েন ব্যাংক সংযোজনের কার্য সমাধা হয়।		
হোম কনজাম্পশন বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক পণ্য খালাসের সময় বিভিন্ন শুল্ক ষ্টেশনে প্রদত্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণের লক্ষ্যে প্রত্যয়নপত্র ইস্যু।	এক্সবন্ড বিল অব এন্ট্রি গ্রহণ করে বিল অব এন্ট্রি অনুযায়ী শুল্ক করাদি পরিশোধের পর টি আর চালানের কপিসহ প্রত্যয়নপত্রের জন্য আবেদন করা।	টিআর চালানের সঠিকতা সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ কার্যালয় হতে সরেজমিনে কিংবা পত্র মারফত যাচাই করা এবং আমদানির দলিলাদি যাচাই করে সম্পূর্ণ কাঁচামাল এক্স বন্ড হওয়ার বিষয়টি নিশ্চিত করা।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০৩-০৪ দিন
ইউপি (ইউটিলাইজেশন পারমিশন ইস্যু)	ঋণপত্রের অরজিনাল ও ব্যাংকের সত্যায়িত কপি, ইউডি এর কপি, ডেডো কর্তৃক প্রদত্ত সহগ, সহগ অনুযায়ী কাঁচামালের বিবরণসহ আবেদন করা।	ইউপি আবেদনের সঙ্গে দাখিলকৃত এলসি/পিআই/ আইপি ও ক্যালকুলেশন শীটসহ অন্যান্য আনুষাঙ্গিক দলিলাদি পরীক্ষা করা। আবেদনে উল্লিখিত কাঁচামাল বন্ডেড গুদামে/রেজিষ্ট্রারে লিপিবদ্ধ আছে কিনা তা যাচাই করা। কাঁচামালের বন্ডিং মেয়াদ আছে কিনা তা যাচাই করা। ইউপি আবেদনের সঙ্গে সংযুক্ত সত্যায়িত ইউডি কাস্টমস বন্ড কমিশনারেটে রক্ষিত ইউডি এর সঙ্গে Cross Check করা। ব্যাংক কর্তৃক ইস্যুকৃত মাস্টার এলসি, এলসি/পিআই এর বিষয়ে সন্দেহ হলে ইউপি ইস্যুর পূর্বে সশরীরে ব্যাংকে গমনপূর্বক কিংবা ইউপি ইস্যু পরবর্তী পত্রের মাধ্যমে যাচাই করা।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	৪৮ ঘন্টা
শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস ও প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের অনুকূলে জেনারেল বন্ড সম্পাদন করা।	২,০০০/= টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে লাইসেন্সিং রুলে প্রতিষ্ঠানের ক্যাটাগরিভেদে উল্লেখিত অর্থের সমপরিমাণ অর্থের বন্ড খাতে পরিচালকদের স্বাক্ষর লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত এরূপ বন্ডসহ আবেদন করা।	প্রতিষ্ঠানের Audit কার্যক্রম হালানাগাদ আছে কিনা যাচাই করা। যাচাই করে হালানাগাদ নিরীক্ষা সম্পন্ন থাকলে জেনারেল বন্ড ইস্যু করা।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০১-০৩ দিন
আন্তঃবন্ড স্থানান্তর (স্থায়ী) (শতভাগ রপ্তানিমুখী একটি গার্মেন্টস প্রতিষ্ঠান	নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমুহের মধ্যে বন্ড স্থানান্তর বিষয়ে সম্পাদিত চুক্তিপত্র, স্থানান্তরতব্য কাঁচামাল আমদানির দলিলাদি, লিয়েন	কাঁচামাল প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কাঁচামাল আমদানির দলিলাদি, যেমন ব্যাক টু ব্যাক এলসি, ইনভয়েস,বিএল/	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০২-০৪ দিন

থেকে অন্য একটি গার্মেন্টস প্রতিষ্ঠানে কার্য স্থানান্তরই স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তর)	ব্যাংকের অনাপত্তি পত্র, স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা, বিজিএমইএ/বিকেএমইএ এর সুপারিশসহ স্থানান্তরকালে পণ্যের ক্ষতির বিষয়ে সম্পাদিত রিক্সবন্ডসহ আবেদন পত্র দাখিল করা।	এয়ারওয়ে বিল/ট্রাক চালানের কপি, বি/ই, ইউডির কপি, লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র প্রভৃতি দলিলাদির সঠিকতা যাচাই করা। স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা সংগ্রহপূর্বক সরেজমিন পরিদর্শন করা।		
বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধিকরণ	কাঁচামালের গুণগত মান সম্পর্কে সমিতির সুপারিশসহ আবেদন করা।	আবেদন পাওয়ার পর বন্ড অফিসার কর্তৃক সরেজমিন পরিদর্শন করে কাঁচামালের মজুদ ও গুনাগুন যাচাই করে প্রতিবেদন দাখিল। প্রতিবেদনে কাঁচামালের গুনাগুন ও পরিমাণ সন্তোষজনক হলে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা-৯৮ অনুযায়ী মেয়াদ উত্তীর্ণ পণ্যের মেয়াদ বৃদ্ধিকরণ।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০৭-১০ দিন
কারখানা পরিবর্তন অনুমোদন (সাময়িক)	কারখানার ভাড়ার চুক্তি বা মালিকানার দলিলের সত্যায়িত কপি, লে-আউট প্লান, সমিতির সুপারিশ, লিয়েন ব্যাংকের অনাপত্তিসহ আবেদন করা।	বন্ডার কারখানা স্থানান্তর সংক্রান্ত দলিলাদি দাখিলের পর বন্ড অফিসার কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল। প্রতিবেদনের দলিলাদি এবং স্থাপনা যথাযথ থাকলে কারখানা স্থানান্তরের সাময়িক অনুমোদন প্রদান করা।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০২-০৪ দিন
কারখানা পরিবর্তন (স্থায়ী)	কারখানার ভাড়ার চুক্তি বা মালিকানার দলিলের সত্যায়িত কপি, লে-আউট প্লান, সমিতির সুপারিশ, লিয়েন ব্যাংকের অনাপত্তিসহ আবেদন করা।	কারখানার সমায়িক স্থানান্তরের সময় বন্ড অফিসার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত দলিলাদি ও তথ্য পুনরায় তদন্ত করা। সঠিক প্রাপ্তি সাপেক্ষে কারখানা স্থানান্তর চুড়ান্ত অনুমোদন প্রদান করা।	বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান	০২-০৪ দিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম ।

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম অফিসের সিটিজেন চার্টার

ক্রমিক নং	কার্য/সেবাসমুহ	নিষ্পত্তি বিষয় (নুন্যতম কর্মদিবস)
১.	নতুন বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান	২৫-৩০ দিন
২.	বিদ্যমান বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নবায়ন	০৭ দিন
৩.	বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী গার্মেন্টস প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট	১০-১৫ দিন
৪.	মালিকানা পরিবর্তন	৩-৪ দিন
৫.	লিয়েন ব্যাংক সংযোজন/পরিবর্তন	২-৩ দিন
৬.	ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণের লক্ষ্যে প্রত্যয়নপত্র ইস্যু	০৩-০৪ দিন
৭.	ইউপি (ইউটিলাইজেশন পারমিশন ইস্যু)	৪৮ ঘন্টা
৮.	জেনারেল বন্ড সম্পাদন/নমুনা স্বাক্ষর সত্যায়ন	০১-০৩ দিন
৯.	আন্তঃবন্ড স্থানান্তর স্থায়ী	০২-০৪ দিন
১০.	বন্ডিং মেয়াদউত্তীর্ণ কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধিকরণ	০৭-১০ দিন
১১.	কারখানা পরিবর্তন অনুমোদন (সাময়িক)	০২-০৪ দিন
১২.	কারখানা পরিবর্তন (স্থায়ী)	০২-০৪ দিন
১৩	ইনডেমনিটি বন্ড অবমুক্তির লক্ষ্যে প্রত্যয়নপত্র ইস্যুকরণ	০৭-১০ দিন
১৪.	কারখানা সম্প্রসারন	০৭-১০ দিন
১৫.	বন্ড লাইসেন্সে নতুন কাঁচামাল সংযোজন	০৩-০৪ দিন
১৬.	শতভাগ রপ্তানিমুখী জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানের বন্ড ব্যবস্থাপনা	১০-১৫ দিন
১৭.	বিদ্যমান বন্ড সুবিধার (Continuation বা Extension) বন্ড	২৫-৩০ দিন
১৮.	বন্ডেড শিল্প প্রতিষ্ঠানে রক্ষিত/ক্ষতিগ্রস্থ বা ধবংসপ্রাপ্ত কাঁচামালের শুল্ক কর মওকুফ	২৫-৩০ দিন
১৯.	তাছাড়া জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ নির্দেশ কার্যকর করা ।	০২-০৩ দিন